দৈনিক
ইত্তেফাক

তারিখ ..................
পৃষ্ঠা ... ২০ ... 17 MAR 2003 কলাম ৩ ...

# চট্টগ্রামে বিশ্ববিদ্যালয়গামী শাটল ট্রেন লাইনচ্যুত ॥ ভর্তিচ্ছুদের ভোগান্তি

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় সংবাদদাতা ॥ গতকাল রবিবার বিশ্ববিদ্যালয়গামী শাটল ট্রেন সেনানিবাস সংলগ্ন অতিক্রমকালে লাইনচ্যুত হয়েছে। এ ঘটনায় কমপক্ষে ২০ জন আহত হয়। আহতরা সবাই প্রথম বর্ষে ভর্তিচ্ছু। তিন সহস্রাধিক ভর্তিচ্ছু ছাত্রছাত্রী শাটল ট্রেনে বিশ্ববিদ্যালয়ে যাচ্ছিলো। দুর্ঘটনার কারণে রবিবারের নির্ধারিত গ' ইউনিটের (বিবিএ) ভর্তি পরীক্ষা সকাল ১০টার পরিবর্তে সাড়ে ১১টায় শুরু হয়। দুর্ঘটনার শিকার ১০/১২ জন ছাত্র ভর্তি পরীক্ষায় অংশ নিতে পারেনি। এ ঘটনার পর বিশ্ববিদ্যালয় ও নাজিরহাটগামী সকল ট্রেন চলাচল বন্ধ হয়ে যায়। ফলে ভর্তিচ্ছুসহ ছাত্রছাত্রীদের ভোগান্তি চরম আকার ধারণ করে।

এদিকে দ্বিতীয় শাটল ট্রেনটি চট্টগ্রাম স্টেশন থেকে ভর্তিচ্ছু ছাত্রছাত্রীদের নিয়ে ষোলশহর স্টেশন পর্যন্ত গিয়ে লাইনচ্যুতির খবর পেয়ে সেখান থেকে ফিরে আসে। এখানেও হাজার হাজার ছাত্রছাত্রীকে চরম ভোগান্তির শিকার হতে হয়। রেল দুর্ঘটনার প্রতিবাদে এবং রেল লাইন সংস্কারের দাবিতে বিভিন্ন ছাত্র সংগঠন রবিবার ক্যাম্পাসে বিক্ষোভ মিছিল করেছে। আজ সোমবার ছাত্রশিবির রেল লাইন সংস্কারের দাবীতে ভিসি অফিস ঘেরাও করবে। বিশ্ববিদ্যালয়ের এক প্রেস বিজ্ঞপ্তিতে বলা হয়, ভর্তি পরীক্ষার কারণে শাটল ট্রেনে যাত্রীদের অতিরিক্ত চাপ সৃষ্টি হয়েছে। ভর্তি পরীক্ষা চলাকালে জরুরী কাজ না থাকলে শাটল ট্রেনযোগে বিশ্ববিদ্যালয়ে যাতায়াত থেকে বিরত থাকার জন্য নিয়মিত ছাত্রছাত্রীদের পরামর্শ দেয়া হয়েছে। এছাড়া ভর্তি পরীক্ষায় অংশগ্রহণেচ্ছু ছাত্রছাত্রীদের শাটল ট্রেন ছাড়াও বিকল্প ব্যবস্থায় বিশ্ববিদ্যালয়ে যাতায়াতের জন্য বলা হয়েছে।